আলমডাঙ্গায় স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভা

আলমডাঙ্গা উপজেলা প্রশাসনের উদ্যোগে ১৭ই মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস, ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ শে মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার সকাল দশটার দিকে উপজেলা পরিষদ মিলনায়তনে প্রস্তুতিমূলক সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার স্নিগ্ধা দাস। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান আইয়ুব হোসেন।

বিশেষ অতিথি ছিলেন উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান অ্যাডভোকেট খন্দকার সালমুন আহমেদ ডন, ওসি তদন্ত একরামুল হোসাইন, পৌরসভার প্যানেল মেয়র খন্দকার মুজিবুল হক, হারদী হসপিটালের আর এম ও ডাক্তার শারমিন সুলতানা, প্রাণিসম্পদ কর্মকর্তা ডাক্তার আব্দুল্লাহিল কাফি, কৃষি অফিসার রেহানা পারভীন, রূপালী ব্যাংকের ব্যবস্থাপক আনোয়ার হোসেন,বীর মুক্তিযোদ্ধা এডভোকেট আব্দুর রশিদ, বীর মুক্তিযোদ্ধা সাবেক সাবেক পৌর মেয়র এম সবেদ আলী, বীর মুক্তিযোদ্ধা মুক্তিযোদ্ধা সংসদের সাবেক কমান্ডার আব্দুল কুদ্দুস, একাত্তরের অগ্নি সেনা বীর মুক্তিযোদ্ধা মইনুদ্দিন পারভেজ।

কলেজিয়েট স্কুলের উপাধ্যক্ষ শামীম রেজার উপস্থাপনায় বক্তব্য রাখেন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জিয়াউল হক, উপজেলা শিক্ষা অফিসার শামসুজ্জোহা, আনসার ভিডিপি কর্মকর্তা আজিজুল হাকিম, তথ্য কর্মকর্তা স্নিগ্ধা দাস, বণিক সমিতির সভাপতি আরেফিন মিয়া মিলন, কোষাধ্যক্ষ আলাউদ্দিন মিয়া, স্যার ডিলার সমিতির সভাপতি হাজী রফিকুল ইসলাম, ফায়ার সার্ভিস কর্মকর্তা আল মামুন।

তাছাড়া অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন, সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক রবিউল ইসলাম খান, মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক মনিরুজ্জামান, উপজেলা মডেল মসজিদের

ইমাম মাসুদ কামাল, উপজেলা মডেল মসজিদের হাজী হাফেজ ওমর ফারুক প্রমুখ।

আলমডাঙ্গায় ৯ দোকানিকে সাড়ে ৯ হাজার টাকা জরিমানা

আলমডাঙ্গায় রমজানের দ্বিতীয় দিনে বাজার তদারকিতে নেমেছিল ভ্রাম্যমাণ আদালত ও মনিটরিং দল। ব্যবসায়ীদের সতর্ক করা ছাড়াও পৌর শহরের ৯টি দোকানিকে অতি মুনাফার জন্য সাড়ে ৯ হাজার টাকা জরিমানা করেছে।

তবে ভ্রাম্যমাণ আদালত ও মনিটরিং দল ঘুরে আসার পরপরই দাম বাড়িয়ে দিতে দেখা গেছে অসাধু ব্যবসায়ীদের। এক্ষেত্রে আইনের কঠোর প্রয়োগের কথা বলছে উপজেলা প্রশাসন।

সরেজমিন ঘুরে দেখা গেছে, আলমডাঙ্গা পৌরবাজারে আজ বুধবার বিকেলে উপজেলা প্রশাসনের উদ্যোগে বাজার মনিটরিং করতে দেখা যায়। বর্ধিত দামে বিক্রি হওয়া খেজুর, তরমুজ, শসা, ডালসহ বিভিন্ন নিত্যপণ্যের পাইকারী ও খুচরা বিক্রেতা এবং আড়তদারদের সঙ্গে কথা বলেছেন তারা। পরীক্ষা করেছেন ক্রয়-বিক্রয়ের রশিদ। এরমধ্যে কিছু অসাধু ব্যবসায়ী অতিরিক্ত মূল্যে পণ্যবিক্রির দায়ে ৯ ব্যবসায়ীকে সাড়ে ৯ হাজার টাকা জরিমানা করেছেন।

ভ্রাম্যমাণ আদালত ও মনিটরিং দল চলে আসার পর পরই এসব ফল, শসা ও মুদির দোকানে আবার অতিরিক্ত মূল্যে পণ্য বিক্রি করতে দেখা গেছে।

দামুড়হুদায় গণহত্যা ও মহান স্বাধীনতা দিবস উপলক্ষে প্রস্ততিমূলক সভা

দামুড়হুদায় ১৭ মার্চ বঙ্গবন্ধুর জন্মদিন, ২৫ মার্চ গনহত্যা দিবস ও ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস উদযাপনের লক্ষে উপজেলা প্রশাসনের আয়োজনে এক প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার সকাল সাড়ে ১০টার সময় দামুড়হুদা উপজেলা পরিষদের সভাকক্ষে উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে অনুষ্ঠিত প্রস্তুতি সভায় প্রধান অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান শাহিদা খাতুন, উপজেলা সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাস, দামুড়হুদা উপজেলা কৃষি অফিসার শারমিন সুলতানা, সমবায় অফিসার হারুন অর রশিদ, দামুড়হুদা ওদুদ শাহ ডিগ্রি কলেজের অধ্যক্ষ কামাল উদ্দীন, দামুড়হুদা উপজেলা মুক্তিযোদ্ধা যাচাই বাছাই কমিটির সভাপতি রুস্তম আলী, বীরমুক্তিযোদ্ধা কমরেড সৈয়দ মজনুর রহমান, আছের উদ্দিন, দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি এম নূরন্নবী, সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ হযরত আলী,দামুড়হুদা উপজেলা মডেল মসজিদের পেশ ইমাম মুফতি মামুনুর রশিদ সহ উপজেলার সকল অফিসার বৃন্দ, সমাজসেবক, শিক্ষক ও সাংবাদিক বৃন্দ উপস্থিত ছিলেন।

এসময় বক্তারা বলেন, গণহত্যা ও মহান স্বাধীনতা দিবস আমাদের জাতীয় জীবনের অহংকার। দিবসটি যথাযথভাবে উদযাপনে দামুড়হুদা উপজেলা প্রশাসন প্রতিবছরই বিভিন্ন অনুষ্ঠানমালার আয়োজন করে থাকে। এবছরও দিবসটি পালনে প্রশাসনের ব্যাপক প্রস্ততি নিবে।

এছাড়াও দিবসের সকল কর্মসূচি সুন্দর, সফল ও সার্থক করতে প্রশাসনের সকল কর্মকর্তা- কর্মচারীদের অনুরোধ জানান বক্তারা।

দর্শনায় ইট বোঝায় ট্র্যাক্টটরের চাকায় পিষ্ট হয়ে যুবক নিহত

চুয়াডাঙ্গার দর্শনায় ইট ভর্তি ট্র্যাকটররের চাকায় পিষ্ট হয়ে মিনারুল (১৮) নামের এক যুবক নিহত হয়েছে।নিহত মিনারুল দর্শনা থানার বেগমপুর ইউনিয়নের আকন্দবাড়িয়া নতুন পাড়ার সার্তকের ছেলে।

প্রত্যক্ষসুত্রে জনাযায়, আজ বুধবার (১৩ মার্চ) সকাল ১০ টার দিকে সুপার ভাটা থেকে ট্রলিতে ইট বোঝায় করে সুপার ভাটার ২শ গজ অদুরে দক্ষিন চাঁদপুর গ্রামের ড্রাইভার ফিনুর কাছ থেকে ট্রলিতে উঠতে যায়।

এ সময় মিনারুলের পা ফসকে চলন্ত ট্র্যাকটররের চাকার নিচে পড়ে যায়।এতে তার শরীলের উপর দিয়ে চলে যায়।সাথে সাথে তার বায়ু পথ দিয়ে নাড়িভুঁড়ি বেরিয়ে ঘটনাস্থলে যুবক মিনারুল নিহত হয়।স্থানীয়রা তাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিলে কর্তবত ডাক্টার তাকে মৃত্য ঘোষনা করে।নিহত মিনারুলের লাশ চুয়াডাঙ্গা সদর হাসপাতালে মর্গে আছে বলে জানাযায়। মিনারুলের অকাল মৃত্যুতে তার পরিবারসহ ঐ গ্রামে নেমে এসেছে শোকের মাতম।

এ ঘটনায় দর্শনা থানার ওসি বিপ্লব কুমারসাহা ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, বিয়ষটি আমি শুনেছি তবে অভিযোগ পেলে আইনি ব্যাবস্থা নেওয়া হবে ভটা মালিকসহ ড্রাইভারের বিরুদ্ধে।

দর্শনায় স্বর্ন চোরাচালানী মামলায় কাউন্সিলর বিল্লাল

[redacted]

[redacted] [redacted] [redacted] [

জানাযায়, বসতবাড়ির আঙ্গিনায় পড়ে থাকা এক টুকরা জমিতে গড়ে তুলুন পারিবারিক পুষ্টি বাগান। কৃষিতে এক নতুন দিগন্ত এনেছে পারিবারিক পুষ্টি বাগান। এতে একদিকে পুষ্টির চাহিদা মিটছে, অন্যদিকে বাড়তি ফসল বিক্রি করে আয়ও হচ্ছে। দামুড়হুদা উপজেলায় বাহুবলে কৃষি জমির সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত ও পরিবারের নিরাপদ খাদ্যের চাহিদা পূরণে গড়ে তোলা হবে এ সবজি বাগান। তারই ধারাবাহিকতায় দামুড়হুদা উপজেলায় ১ শত ২১জন কৃষকের মধ্যে লাল শাক,পুইশাক,কলমি শাক,লাউবীজ,ভেন্ডির বীজ,রববটির বীজ,মিষ্টি কুমড়ার বীজসহ ১৭ প্রজাতির বীজ,জৈব সার,নেট,দড়ি বীজ রাখার ঢম,আম রুপালির চারা,পেয়ারার চারা,কুলের চারা,কমলার চারা, পাতি লেবুর চারা পেঁপের চারা দেওয়া হয়।

এ সময় উপজেলা কৃষি অফিসার শারমিন আক্তার বলেন, আপনার বাড়ির আঙ্গিনা যেন কোন জমি পড়ে না থাকে সেদিকে লক্ষ্য রেখে সরকার আপনাদের প্রণোদনা দিয়েছেন। সেটা আপনারা যথাযত ব্যবহার করবেন।এক দিকে যেমন বিষ মুক্ত পুষ্টি সবজি পাবেন।পাশাপাশি বাজারে বিক্রি করে সংসারের সহযোগিতা করতে পারবেন।

এ সময় উপস্থিত ছিলেন উপজেলা কৃষি সম্প্রসারণ অফিসার অভিজিৎ কুমার বিশ্বাস, উপজেলার উপসহকারী কৃষি অফিসার বৃন্দ।

আলমডাঙ্গা উপজেলা প্রশাসনের উদ্যোগে এমপি ছেলুন কে সংবর্ধনা ও মতবিনিময় সভা অনুষ্টিত

আলমডাঙ্গা উপজেলা প্রশাসনের উদ্যোগে চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দার কে সংবর্ধনা ও মতবিনিময় সভা অনুষ্টিত হয়েছে।

মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার

কমান্ডার শফিউর রহমান জোয়ার্দের ও তৎকালিন ইউএনও করে গেছেন।এমপি তাদের নোটিশ করতে বলেন,যেন অচিরে ভবনটি মুক্ত হয়। মুক্তিযোদ্ধারা এসে যেন কষ্ট না পায়।

সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ রেহানা পারভীন, প্রানী সম্পদ কর্মকর্তা ডাঃ আব্দুল্লাহিল কাফি, হারদী স্বাস্থ কমপ্লেকরসের মেডিকেল অফিসার সাঃ নাজনীন সুলতানা কনা, পৌর সভার প্যানেল মেয়র খনাদকার মজিবুল হক। উপজেলা রিসোর্স সেন্টারের ইনেস্ট্রক্টর জামাল উদ্দিনের উপস্থাপনায় বক্তব্য রাখেন উপজেলা শিক্ষা অফিসার শামসুজ্জোহা, জনস্বাস্থ প্রকৌশলী আব্দুর রশিদ, প্রেসক্লাবের সাধারন সমরপাদক হামিদুল ইসলাম, মহিলা বিষয়ক কর্মকর্তা মাকসুরা জান্নাত, মহিলা কলেজের অধ্যক্ষ আশুরা খাতুন, মাধ্যমিক শিক্ষা অফিসার জিয়াউল হক, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা এনামুল হক, খাদ্য কর্মকর্তা আব্দুল হামিদ, আনছার ভিডিপি কর্মকর্তা আজিজুল হাকিম প্রমুখ। এর আগে তিনি উপজেলা এসে পৌছালে তাকে ফুলেল শুভেচ্ছা জানান।

মতবিনিময় শেষে উপজেলা প্রশাসনের পক্ষ থেকে এমপিকে সম্মাননা ক্রেস্ট প্রদান করা হয়। এবং উপজেলা কৃষি অফিসের পক্ষ থেকে এমপি ছেলুনকে কৃষি পন্য মাশরুম, রঙিন ফুলকপিসহ কয়েক রকমের কৃষি পন্য উপহার দেওয়া হয়।

আলমডাঙ্গায় মোটরসাইকেল নিয়ন্ত্রণ হারিয়ে গাছের সঙ্গে ধাক্কা, যুবকের মৃত্যু

আলমডাঙ্গা চলন্ত মোটরসাইকেল থেকে ছিটকে পড়ে গাছের সঙ্গে ধাক্কা লেগে মো. জীবন হোসেন (১৯) নামের এক যুবকের মৃত্যু হয়েছে।

আজ মঙ্গলবার সকাল সাড়ে ১০টার দিকে হারদি-ওসমানপুর সড়কের কানাপুকুর মাঠ নামক স্থানে এ দুর্ঘটনা ঘটে। নিহত জীবন মীরপুর উপজেলার মালিহাদ ইউনিয়নের রাজনগর গ্রামের মো. রশিদুল ইসলামের

ছেলে।

স্থানীয়রা জানান, মঙ্গলবার সকালে নিহত জীবন তার চাচাতো ভাইয়ের মোটরসাইকেল নিয়ে হারদি বাজারে ঘুরতে যায়। ফেরার পথে সে হারদি-ওসমানপুর সড়কের কানাপুকুর মাঠ নামক স্থানে এলে মোটসাইকেল নিয়ন্ত্রণ হারিয়ে সড়ক থেকে ছিটকে পার্শ্ববর্তী গাছের সাথে ধাক্কা লাগে। এতে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়।

ওসমানপুর ফাঁড়িপুলিশের উপ-পরিদর্শক (এসআই) কায়েস মাহমুদ ঘটনা নিশ্চিত করে বলেন, রক্তাক্ত অবস্থায় যুবককে উদ্ধার করে হারদি হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। লাশ হাসপাতাল হতে উদ্ধার করা হয়েছে। পরিবারের কাছে হস্তান্তরের পক্রিয়া চলছে। এ ঘটনায় আলমডাঙ্গা থানায় একটি অপমৃত্যু মামলা দায়ের করা হয়েছে।

দামুড়হুদায় ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টারে অভিযান জরিমানা ও বন্ধ ঘোষণা

দামুড়হুদা উপজেলায় লাইসেন্স ও প্রয়োজনীয় যন্ত্রপাতি না থাকা, নোংরা পরিবেশসহ ভুয়া ডাক্তার দিয়ে চিকিৎসা দেওয়ায় দামুড়হুদার কার্পাসডাঙ্গা বাজারে বিভিন্ন ডায়াগনস্টিক সেন্টার, ক্লিনিকসহ সিলগালা করা হয়। পাশাপাশি বন্ধ করে দেয়া হয় ডায়াগনস্টিক সেন্টারের স্বাস্থ্য সংক্রান্ত সকল কার্যক্রম বন্ধ করে দিয়েছে ভ্রাম্যমাণ আদালত।

আজ মঙ্গলবার বেলা সাড়ে ১২ টার সময় দামুড়হুদা উপজেলা কার্পাসডাঙ্গা বাজারের বিভিন্ন ক্লিনিক, ডায়াগনস্টিক সেন্টার ও হাসপাতালে অভিযান চালান দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাস, এসময় দামুড়হুদা উপজেলা পরিবার-পরিকল্পনা কর্মকর্তা ডা. হেলেনা আক্তার নিপা উপস্থিত ছিলেন।

ভ্রাম্যামাণ আদালত সূত্রে জানা গেছে, স্বাস্থ্য অধিদপ্তর ও স্থানীয় প্রশাসনের যৌথ অভিযানে দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা বাজারের কার্পাসডাঙ্গা ডায়াগনস্টিক সেন্টারের মালিক মি. প্রসাদকে ৩০ হাজার টাকা, মা মেডিকেল ল্যাবের মালিক লুইসকে ১৫ হাজার টাকা, জহির ডায়াগনস্টিক সেন্টার মালিক জহির মেম্বারকে ১০ হাজার টাকা, এ্যাপোলো ক্লিনিকের মালিক শাওনকে ১৫ হাজার টাকা জরিমানা করেন ভ্রাম্যমান আদালত। এসময় বাজারের বিভিন্ন প্রতিষ্ঠানে মোট ৮০ হাজার টাকা জরিমানা করেন। এছাড়াও মা মেডিকেল সেন্টার, সততা ক্লিনিকে সিলগালা করা হয়।

এ বিষয়ে উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. হেলেনা আক্তার নিপা জানান, ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টারে নিয়মিত কোন ডাক্তার নেই, নেই কোন এন্যাথেসিয়া, নোংরা পরিবেশ ও পরিবেশ অধিদপ্তরের কোন ছাড়পত্র না থাকায় এবং পরিবেশ ভালো না থাকায় সিলগালা করে তা বন্ধ করে দেওয়া হয়েছে।

ভ্রাম্যমাণ আদালতে সহযোগিতা করেন দামুড়হুদা মডেল থানার পুলিশের একটি চৌকস টিম।

দামুড়হুদার জয়রামপুরে ভ্রাম্যমাণ আদালতে তিনটি প্রতিষ্ঠানকে জরিমানা

দামুড়হুদা উপজেলার জয়রামপুর কাঁঠাল তলায় কসমেটিকসের দোকানে ও দুটি মুদি দোকানে চুয়াডাঙ্গা জেলা ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ভ্রাম্যমাণ আদালতে তিনটি প্রতিষ্ঠানকে ১০ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

আজ মঙ্গলবার বেলা ১২ টার দিকে কাঁঠাল তলা নামক স্থানে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন জেলা ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক সজল আহাম্মেদ।

জানাগেছে, রমজান উপলক্ষে অতি মুনাফালোভীরা যেনো বেশি দামে পণ্য বিক্রয় করতে না পারে সেজন্য সরকারের ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর বাজার মনিটরিং করে যাচ্ছে। তারই ধারাবাহিকতায় আজ দুপুরে উপজেলার হাউলী ইউনিয়নের জয়রামপুর কাঁঠাল তলা নামক স্থানে বিভিন্ন ব্যবসা প্রতিষ্ঠানে অভিযান পরিচালনা করেন।

এসময় কাঁঠাল তলার মুদি দোকান রমজান স্টোরকে দোষী সাব্যস্ত করে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৩৭ (ক) ও ৩৮ (খ) ধারা অনুযায়ী মোট ২ হাজার টাকা জরিমানা করা হয়। একই দিনে কাঁঠাল তলায় মুদি দোকান মোঃ মাসুদুর রহমান কে দোষী সাব্যস্ত করে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৩৮ (ক) ও ৫১ (খ) ধারা অনুযায়ী মোট ৫ হাজার টাকা জরিমানা করা হয়। একই সাথে কাঁঠাল তলায় মেসার্স কে এম কসমেটিক এর স্বত্বাধিকারী মোঃ কলিম উদ্দিন কে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৪৯ এর (ক) ধারা অনুযায়ী ৩ হাজার টাকা জরিমানা করা হয়। সর্বমোট ৩টি প্রতিষ্ঠানে ১০ হাজার টাকা জরিমানা করেন চুয়াডাঙ্গা জেলা ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক সজল আহাম্মেদ।

অভিযান শেষে তিনি তরমুজের আরতদারদের সতর্ক করে বলেন, কোন তরমুজ যেন কেজি ওজনে বিক্রয় করা না হয়। সব তরমুজগুলোই পিস হিসেবে বিক্রয় করার পরামর্শ দেন। প্রতিটি বেচাকেনার লেনদেনের ভাউচার সংরক্ষণ করতে বলা হয়। কোন অনিয়ম দুর্নীতি করলে তার বিরুদ্ধে কঠোর আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে। জনস্বার্থে অভিযান অব্যাহত থাকবে। অভিযান পরিচালনায় সহযোগিতা করেন চুয়াডাঙ্গা জেলা পুলিশের একটি চৌকস টিম।